




সঠিক জ্ঞান ও সঠিক কার্যকলাপ — সফলতার চাবিকাঠি

খোদার মদত এবং রহমত, বন্ধন, বিভিন্ন অবস্থা, পরীক্ষা, অস্বস্তিকর অবস্থা, ফেতনা সবকিছুই আল্লাহর তরফ হতে আসে।



আমাদের জিন্দেগি সত্য আর বাস্তব থেকে অনেক দূর। আল্লাহ রাব্বুল ইজ্জত এই দুনিয়াতে আমান বানিয়েছেন যার ভিতর আরামও আছে পেরেশানিও আছে। এটা আমার ইচ্ছা, আমি এটা কি ভাবে ইস্তেমালা করব। আরামের জন্য না সর্বনাশের জন্য? আরামের জিনিস ইস্তেমালা করলে আরাম পাওয়া যায়, সর্বনাশের জিনিস ইস্তেমালা করলে সর্বনাশ হয়। দুনিয়াকে সম্পূর্ণ অধিকার করা যায় না। দুনিয়ার জিনিস আমাদের মদতের জন্য আছে। কিন্তু এটা ততক্ষন অবধি সাহায্য করবে যতক্ষন আমরা এটাকে আল্লাহর হুকুম এবং নবী (সাঃ) এর সুন্নতের মত ইস্তেমালা করব। ততক্ষন এই দুনিয়া আমাদের ফায়দা দেবে, নাফার্মানির কাজে ইস্তেমালা করলে এই দুনিয়া আমাদের খেলাফ হয়ে যাবে। কিন্তু কোন অবস্থায় দুনিয়ার একীন দিলে রাখা যাবে না। সমস্ত অবস্থায় আল্লাহ এবং রসূল (সাঃ) এর গোলামী আমাদের করা উচিত। পেরেশানি থেকে বাঁচার জন্য মনমানি, যা ইচ্ছা তাই করা থেকে বাঁচতে হবে। সুন্নাত শারিয়তের বাইরে দিল, দেমাগ আর শরীরকে বাঁচাবে, এতে ইন্নশাআল্লাহ দিল দেমাগ শান্ত থাকবে, দুনিয়ার খারাপ আসর থেকে বেঁচে থাকবে, যা সমস্ত পেরেশানির জড়। কিন্তু এটা সম্ভব হবে না যতক্ষন না আমরা ইমান, একীন আর হেদায়াতের নূর হাসিল না করি, আর এটা আসবে আল্লাহর রাস্তায় বিভিন্ন ধরনের মোবারক মেহেনত করে, যেমন দাওয়াতের মোবারক মেহেনত।